# দুর্গাপূজায় ৯ দিনের ছুটিতে যাচ্ছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুবি প্রতিনিধি




সংগৃহীত ছবি

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ৯ দিনের ছুটিতে যাচ্ছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত দুর্গাপূজা উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। মূলত ছুটি পাঁচ দিন হলেও ২৬, ২৭ সেপ্টেম্বর এবং ৩ ও ৪ অক্টোবর সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) হওয়ায় মোট ৯ দিন ক্যাম্পাস বন্ধ থাকবে।

আগামী ৫ অক্টোবর থেকে যথারীতি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম পুনরায় চালু হবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারের ছুটির তালিকা অনুযায়ী ২৮ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবর পর্যন্ত অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ থাকবে।’